

## হাম-রুবেলা ক্যাম্পেইন ২০২০ উপলক্ষে রাসিকের প্রেস কনফারেন্স

রাজশাহী, ২৫ অগ্রহায়ণ (১০ ডিসেম্বর):

হাম-রুবেলা ক্যাম্পেইন-২০২০ উপলক্ষে আজ রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক)- এর হল রুমে (এনেক্স ভবন) প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। রাসিকের স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি'র সভাপতি মো. নূরুজ্জামান টুকুর সভাপতিত্বে অনুষ্ঠানে মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি বলেন, হাম-রুবেলা টিকাদান কর্মসূচি একটি নিয়মিত কার্যক্রম। গত নয় বছর ধরে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) কার্যক্রমে রাজশাহী সবার চেয়ে এগিয়ে আছে। শিশুরা যেন সুস্থ্য জীবন-যাপন করতে পারে সেজন্য সরকারের গৃহীত এই কর্মসূচি আমরা যথাযথভাবে পালন করব।

প্রেস কনফারেন্সের শুরুতে রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এএফএম আনজুম আরা বেগম হাম-রুবেলা টিকাদান বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন।

আগামী ১২ ডিসেম্বর ২০২০ থেকে ২৪ জানুয়ারি ২০২১ খ্রি. পর্যন্ত টিকাদান কর্মসূচি পরিচালিত হবে। এবার মহানগরীর প্রতি ওয়ার্ডে ২টি করে কেন্দ্রে ৯ মাস থেকে ১০ বছরের কম বয়সী মোট ৭৫,৭৪০ জন শিশুকে হাম-রুবেলা টিকা দেওয়া হবে বলে প্রেস কনফারেন্সে জানানো হয়।

প্রেস কনফারেন্স শেষে মেয়র কয়েকজন শিশুকে টিকা খাওয়ানোর মাধ্যমে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। প্রেস কনফারেন্সে সিভিল সার্জন ডা. মহা. এনামুল হক উপস্থিত ছিলেন।

.....  
রূপাল/সিকান্দার/সাইদুর/১৬.৩০ ঘ.